# কৃষি ও সেচ উপজেলা কমিটির অক্টোবর ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৪/১০/২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। খরিপ-২/২০২৫-২৬ মৌসুমের বিভিন্ন আবাদের অগ্রগতি সম্পর্কিত আলোচনা।
২। সার পরিস্থিতি।
৩। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি খরিপ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন, সবজী, মরিচ, মাষকলাই আবাদের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৩৭৬০ হেক্টর, ৫৮০ হেক্টর, ২০ হেক্টর, ১০ হেক্টর। এর মধ্যে রোপা আমনের আবাদ অর্জিত হয়েছে হাইব্রিড ৭২৫ হেক্টর, উফশী ১৩০৩৫ হেক্টর, সবজী ৫৫০ হেক্টর, মরিচ ৩০ হেক্টর। এ পর্যন্ত ধান কর্তন হয়েছে ৪২০ হেক্টর যার গড় ফলন ৩.৭৪ মে.টন (চাল)।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত বিভিন্ন ফসল, ফল, শাক সবজী কৃষকের তালিকা তৈরী ও বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, বিষমুক্ত সবজী উৎপাদনে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে কৃষককে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, মাটির স্বাস্থ্য রক্ষায় ডলো চুন, ভর্মি কম্পোষ্ট, খামারজাত সার ও জৈব সার ব্যবহার এবং মাটি পরীক্ষার মাধ্যমে কৃষকগণকে উদ্বুদ্ধ করার জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১০/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
কৃষি ও সেচ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ১২.১৮.২৭৬০.০৪১.৯৯.০০১.২৫- ৭৪৯ তারিখ : ১৪/১০/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম............................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

১৪/১০/২০২৫

(ইয়াসমিন আক্তার)
সদস্য সচিব
কৃষি ও সেচ উপজেলা কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
খানসামা, দিনাজপুর।

## পরিশিষ্ট “ক”

তারিখ-১৪/১০/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | গোলাম মোস্তফা, চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ মতিয়ার রহমান, গ্রাম-গোবিন্দপুর, স্থানীয় সফল কৃষক। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মোঃ আব্দুল হান্নান, গ্রাম-হোসেনপুর, সংশ্লিষ্ট বিষয়ে অবসরপ্রাপ্ত কর্মকর্তা। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | ইয়াসমিন আক্তার, উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর। | সদস্য-সচিব | |